# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com


স্মারক নং-৩৭.১৫.০০০০.০০১.২৮.০০৬.২১.৫৭৬ তারিখ: ১৫/০৭/২০২৬

**বিষয় : ২০২৬ সালে এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ) রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী ফরম পূরণ থেকে বিরত থাকে, মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীদের ঝরে পড়ার কারণ অনুসন্ধানে মৌখিক নির্দেশনা প্রদান করেন। এই নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট-সেসিপ, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা একটি গবেষণা কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। এমতাবস্থায় ২০২৬ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীদের মধ্যে ফরম পূরণ করে নাই এমন শিক্ষার্থীদের তথ্য অন-লাইনের প্রেরণ করা লক্ষ্যে দিনাজপুর শিক্ষা বোর্ড একটি Software develop করেছেন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল মাধ্যমিক বিদ্যালয়/কলেজ সমূহকে আগামী ১৬/০৭/২০২৬ হতে ২১/০৭/২০২৬ এর মধ্যে ২০২৬ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্য রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থীর ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদের তথ্য নিম্নে উল্লেখিত নিদের্শনা অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো

**নির্দেশনা :** স্কুল/কলেজসমূহ www.dinajpurboard.gov.bd ওয়েবসাইটে থেকে Dropout student button এ ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন করবেন। এর পর Student Info- button এ ক্লিক করলে Students List পাবেন। Students List হতে সকল শিক্ষার্থীর Add student button এ ক্লিক করে সকল তথ্য পূরণ করে Save বাটনে ক্লিক করবেন। একই সাথে একাধিক ছাত্র/ছাত্রীর তথ্য Save করার জন্য Download Sample CSV এ ক্লিক করে Download করা ফাইলে সকল ছাত্র/ছাত্রীদের তথ্য Save করে Upload এ ক্লিক করে পূর্বে সংরক্ষীকৃত CSV / Excel ফাইলটি সিলেট করে Upload & Save ক্লিক করবেন। এর পর Institution Statistics হতে Add/Update button এ ক্লিক করে রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীদের মোট সংখ্যা ও ফরম পূরণকৃত শিক্ষার্থীদের মোট সংখ্যা ও অন্যান্য তথ্য পূরণ করে Save করতে হবে।

স্বা- ১৫/০৭/২৬

প্রফেসর ইলিয়াস আহমেদ

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

**প্রতিষ্ঠান প্রধান**

দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।